রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২২, ২০২২

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

## ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং ও ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২১

**(বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন ২০১৬ এর ধারা ৫ (ঙ) অনুযায়ী প্রণীত)**

**১. শিরোনাম :**

এ নীতিমালা **'ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং ও ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২১'** নামে অভিহিত হবে।

**২. প্রযোজ্যতা :** এ নীতিমালা বাংলাদেশের সরকারি ও বেসরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে পোস্ট বেসিক বিএসসি কোর্সে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা যথাযথভাবে অনুসরণ করবে। তবে স্বায়ত্তশাসিত (সামরিক ও বেসামরিক) প্রতিষ্ঠানসমূহ এই নীতিমালার মৌলিক শর্তাবলি অনুসরণে নিজ প্রক্রিয়াগত কার্যসম্পাদন করবে;

**৩. সংজ্ঞা :** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে, এই নীতিমালায় নিম্নোক্ত সংজ্ঞা ব্যবহৃত হবে:—

৩.১ **'উচ্চ শিক্ষা'** বলতে পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং/ পোস্ট বেসিক বিএসসি ইন পাবলিক হেলথ নার্সিং/ পোস্ট বেসিক বিএসসি ইন মিডওয়াইফারি কোর্সসমূহকে বুঝাবে;

৩.২ **'কোর্সের সময়কাল'** বলতে ০২ (দুই) বছর মেয়াদি পোস্ট বেসিক কোর্সকে বুঝাবে;

৩.৩ **'উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান'** বলতে সরকার এবং "বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন" কর্তৃক অনুমোদিত নার্সিং শিক্ষার ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদানকারী সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজ/ ইনস্টিটিউট/প্রতিষ্ঠানসমূহকে বুঝাবে;



**মূল্য :** টাকা ৮.০০

৩.৪ **'কাউন্সিল'** বলতে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলকে বুঝাবে;

৩.৫ **'অধিদপ্তর'** বলতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরকে বুঝাবে;

৩.৬ **'বিশ্ববিদ্যালয়'** বলতে সরকার এবং "বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন" কর্তৃক অনুমোদিত সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহকে বুঝাবে;

৩.৭ **'সরকার'** বলতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে বুঝাবে;

৩.৮ **'ডিপ্লোমা কোর্স'** বলতে ডিপ্রোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্রোমা ইন মিডওয়াইফারি কোর্সসমূহকে বুঝাবে;

**৪. প্রার্থীর যোগ্যতাঃ**

৪.১ আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

৪.২ নীতিমালার শর্তাবলি যথাযথ অনুসরণে বিদেশি নাগরিকও আবেদন করতে পারবেন;

৪.৩ তিন অথবা চার বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি/ডিপ্লোমা ইন মিডওয়াইফারি ডিগ্রি থাকতে হবে ;

৪.৪ ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কেবল নারী মিডওয়াইফদের জন্য সংরক্ষিত থাকবে;

৪.৫ প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থী, প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে;

৪.৬ সরকারি চাকরিজীবীগণ ন্যূনতম ০২ (দুই) বছর চাকরি করার পর আবেদন করার যোগ্য হবেন;

৪.৭ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল হতে প্রার্থীর প্রাপ্ত রেজিস্ট্রেশন হালনাগাদ থাকতে হবে;

**৫. ভর্তি পরীক্ষা :**

৫.১ লিখিত পরীক্ষায় ন্যূনতম শতকরা ৪০ (চল্লিশ) ভাগ নম্বর প্রাপ্ত আবেদনকারীগণ উত্তীর্ণ মর্মে বিবেচিত হবেন। ভর্তি পরীক্ষার মেধা ও পছন্দক্রমানুসারে সরকারি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারণ করা হবে;

৫.২ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি প্রয়োজনবোধে পাস নম্বর পুনঃনির্ধারণ করতে পারবে;

৫.৩ ভর্তির বিজ্ঞপ্তি ন্যূনতম **০২** (দুই) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় (একটি বাংলা ও একটি ইংরেজি) এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ও বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

৫.৪ ভর্তি পরীক্ষার শর্তাবলি/নিয়মাবলি এবং পরীক্ষার সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ও বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

৫.৫ অনলাইনে আবেদন প্রাপ্তির পর যথাযথ প্রক্রিয়া অনুসরণে প্রবেশপত্র ইস্যু করা হবে। প্রবেশপত্রে ও ওয়েবসাইটে পরীক্ষা সংক্রান্ত নির্দেশনাবলি উল্লেখ থাকতে হবে;

৫.৬ নার্সিং ও মিডওয়াইফারি বিষয়ক মোট **১০০** নম্বরের এমসিকিউ পদ্ধতিতে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে;

৫.৭ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক অনুমোদিত কমিটি ভর্তি পরীক্ষা পরিচালনা করবে;

**৬. প্রার্থী নির্বাচনের নিয়মাবলি/শর্তাবলিঃ**

৬.১ ভর্তি পরীক্ষার মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। সরকারি প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষার মেধাক্রম ও প্রার্থী কর্তৃক প্রদত্ত পছন্দের ক্রমানুসারে প্রার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তি হবে তা নির্ধারিত হবে;

৬.২ বেসরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে মোট আসনের সর্বোচ্চ পাঁচ শতাংশ বিদেশি শিক্ষার্থীর জন্য সংরক্ষিত রাখতে হবে;

৬.৩ ভর্তি কমিটি কর্তৃক অনুমোদিত চূড়ান্ত তালিকার সঙ্গে সরকারি প্রতিষ্ঠানে ভর্তির জন্য প্রার্থীদের মেধাভিত্তিক যৌক্তিক সংখ্যক অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হবে;

৬.৪ সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নির্ধারিত তারিখে ভর্তির পর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধাক্রমানুসারে বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তি সম্পন্ন করা হবে;

৬.৫ সরকারি প্রতিষ্ঠানে কর্মরত নির্বাচিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত সরকারি/ বেসরকারি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবেন না;

৬.৬ ভর্তি পরীক্ষার অনুমোদিত ফলাফল সংক্রান্ত বিজ্ঞপ্তি ০২ (দুই) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় (একটি বাংলা ও একটি ইংরেজি) এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ও বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

৬.৭ নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ভর্তির অগ্রগতি তালিকাসহ পত্রের মাধ্যমে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইাফারি কাউন্সিলকে সময়ে সময়ে অবহিত করবেন;

৬.৮ সরকারি কলেজে পোস্ট বেসিক কোর্সে অধ্যয়নরত/ভর্তিকৃত/ নির্বাচিত শিক্ষার্থীরা মাইগ্রেশন (Migration) এর সুযোগ পাবেন। ভর্তির সর্বশেষ তারিখের ০২ মাসের মধ্যে কোনো শিক্ষার্থী সংশ্লিষ্ট কলেজের মাধ্যমে মাইগ্রেশনের আবেদন করতে পারবেন। আসন শূন্য থাকা সাপেক্ষে মেধাক্রম অনুযায়ী মাইগ্রেশন কার্যক্রম সম্পন্ন করা হবে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আসন শূন্য থাকা স্বাপেক্ষে স্ব স্ব প্রতিষ্ঠানের অনুমোদনক্রমে মাইগ্রেশন (Migration) করা যাবে।

**৭. সার্টিফিকেটসমূহ নিরীক্ষণঃ**

ভর্তির পর কলেজ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যেক শিক্ষার্থীর প্রযোজ্য শিক্ষাসনদ যথা: এসএসসি, এইচএসসি ও ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি/ডিপ্লোমা ইন মিডওয়াইফারি সার্টিফিকেট ও নিবন্ধন সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/কাউন্সিল কর্তৃক সত্যায়ন করতে হবে;

**৮. মিথ্যা তথ্য প্রদানঃ**

মিথ্যা বা ভুল তথ্য প্রদানের মাধ্যমে ভর্তি হলে উক্ত ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে।

**৯. শিক্ষার্থীর ভর্তি বাতিল:**

যদি কোনো শিক্ষার্থী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে একাধারে তিন মাসের অধিক সময় কোর্সে অনুপস্থিত থাকেন, তাহলে তার ভর্তি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে;

**১০. বিদেশি শিক্ষার্থীদের ভর্তি ও আসন সংরক্ষণ :**

১০.১ সরকারি কলেজসমূহে নির্ধারিত আসনে এবং বেসরকারি কলেজের মোট আসনের সর্বোচ্চ পাঁচ শতাংশ বিদেশি শিক্ষার্থীর জন্য সংরক্ষিত থাকবে। বিদেশি শিক্ষার্থী পাওয়া না গেলে দেশি শিক্ষার্থী দ্বারা এ আসন পূরণ করা যাবে। তবে দেশি শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে যে পরিমাণ ফি নির্ধারিত, এ ক্ষেত্রেও সে পরিমাণ ফি প্রযোজ্য হবে;

১০.২ বিদেশি শিক্ষার্থীর আবেদনপত্র, এসএসসি/সমমানের, এইচএসসি/সমমানের সার্টিফিকেট, ট্রান্সক্রিপ্ট ও নার্সিং/মিডওয়াইফারি সনদ/নিবন্ধন নিজ নিজ দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে সত্যায়নসহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে জমা দিতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় নির্দিষ্ট সময়ের মধ্যে তা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে। বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে নম্বর সমতাকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নম্বর সমতাকরণ প্রতিবেদনের আলোকে মন্ত্রণালয় কর্তৃক ভর্তির অনুমতি প্রদান করা হবে;

১০.৩ বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে পাসকৃত বাংলাদেশি শিক্ষার্থীদের এসএসসি/সমমানের, এইচএসসি/সমমানের সার্টিফিকেট, ট্রান্সক্রিপ্ট ও নার্সিং/মিডওয়াইফারি সনদ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে নম্বর সমতাকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নম্বর সমতাকরণ প্রতিবেদনের আলোকে নিবন্ধন সনদ প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয় কর্তৃক ভর্তির অনুমতি প্রদান করা হবে;

১০.৪ কোনো প্রতিষ্ঠানেই অনুমোদিত আসনের অতিরিক্ত দেশি/বিদেশি শিক্ষার্থী ভর্তি করা যাবে না;

**১১. বিবিধঃ**

১১.১ এই নীতিমালায় উল্লেখ নেই এমন কোনো বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

১১.২ এ ভর্তি নীতিমালা জারির তারিখ থেকে কার্যকর হবে এবং একইসঙ্গে এ সংক্রান্ত পূর্ববর্তী ভর্তি নীতিমালা বাতিল বলে গণ্য হবে;

১১.৩ ভর্তির আবেদনপত্র ও শিক্ষার্থী কর্তৃক জমাকৃত কাগজপত্র সংশ্লিষ্ট নার্সিং কলেজ কর্তৃপক্ষ কমপক্ষে ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ করবে।

**মোঃ সাইফুল হাসান বাদল**

প্রেসিডেন্ট
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd